# মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৮৭৮

পর্ব-৪: সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ১৩. দ্বিতীয় অনুচ্ছেদ - রুকূ‘

## আরবী

عَنْ أَبِي مَسْعُودِ الْأَنْصَارِيِّ قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: «لَا تُجْزِئُ صَلَاةُ الرَّجُلِ حَتَّى يُقِيمَ ظَهْرَهُ فِي الرُّكُوعِ وَالسُّجُودِ» . رَوَاهُ أَبُو دَاوُدَ وَالتِّرْمِذِيُّ وَالنَّسَائِيُّ وَابْنُ مَاجَهْ وَالدَّارِمِيُّ وَقَالَ التِّرْمِذِيُّ: هَذَا حَدِيثٌ حَسَنٌ صَحِيحٌ

## বাংলা

৮৭৮-[১১] আবূ মাস্‘ঊদ আল আনসারী (রাঃ)হতে বর্ণিত। তিনি বলেন, রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ কোন ব্যক্তি যে পর্যন্ত রুকূ ও সাজদাতে তার পিঠ স্থিরভাবে সোজা না করে তার সালাত (সালাত/নামায/নামাজ) হবে না। (আবূ দাঊদ, তিরমিযী, ইবনু মাজাহ্ ও দারিমী)[1] ইমাম তিরমিযী বলেছেন, এ হাদীসটি হাসান সহীহ।

## ফুটনোট

[1] সহীহ : আবূ দাঊদ ৮৫৫, তিরমিযী ২৬৫, নাসায়ী ১০২৭, ইবনু মাজাহ ৮৭০, দারিমী ১৩৬৬, সহীহ আত্ তারগীব ৫২২।

## ব্যাখ্যা

ব্যাখ্যা: হাদীসে পিঠ সোজা করা দ্বারা উদ্দেশ্য ধীরস্থিরতা ও প্রশান্তচিত্ততা। আর হাদীসটি প্রমাণ করে রুকূ' সাজদায় ধীরস্থিরতা ও প্রশান্তচিত্ততা আবশ্যক যা এ কথা প্রমাণ করে যে, বিশেষ করে যে রুকূ‘ সাজদায় তার পিঠকে সোজা করে না তার সালাত (সালাত/নামায/নামাজ) পূর্ণ হয় না- এ মতে ইমাম মালিক, শাফি‘ঈ, আহমাদ ও জমহূর ‘উলামাহ্ আর আবূ ইউসুফ-ও গেছেন। আর এটি সঠিক অভিমত উল্লিখিত অনুচ্ছেদের হাদীস এবং পূর্বে অতিবাহিত মুসীয়ুস্ সালাত (সালাতে ভুলকারী) হাদীসটি এ বিষয়ে সুস্পষ্ট দলীল।

আর হুযায়ফাহ্ (রাঃ) ও আবূ ক্বাতাদার হাদীস যা তৃতীয় অনুচ্ছেদে আসবে এবং আনাস (রাঃ)-এর হাদীস যা পূর্বে অতিবাহিত হয়েছে এবং ‘আলী ইবনু মাযবান-এর মারফূ' সূত্রে বর্ণিত হাদীস যেখানে বলা হয়েছে, ‘‘হে মুসলিমের

দল! যে ব্যক্তি রুকূ‘ ও সাজদায় পিঠকে সোজা করে না তার কোন সালাত নেই তথা তার সালাত হয় না’’- এ বিষয়ে স্পষ্ট দলীল।

‘আলী  (রাঃ)-এর হাদীসটি আহমাদ, ইবনু মাজাহ্, ইবনু খুযায়মাহ্ তা সহীহ কিতাবে বর্ণনা করেছেন। যাওয়ায়িদে বলেছেন, এর সানাদ সহীহ। এর সিক্বাহ্ রাবী।

ইবনু মাজাহ্ ও নাসায়ীর সানাদে সিনদী বলেন, অনুচ্ছেদে হাদীসটি রুকূ' ও সাজদায় ধীরস্থিরতা অবলম্বন করার দলীল। আর জমহূর ‘উলামাহ্ এটিকে ফরয বলেছেন।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

---

পাবলিশারঃ হাদিস একাডেমি

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=55437

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন